The Institution for Alternative Dispute Resolution

PRESS RELEASE

ADR should be effective and provide an alternate to the overburdened courts

"ADR should be effective and provide an alternate to the overburdened courts" said Hon'ble Barrister Shafique Ahmed, Law Minister. He was speaking at the dialogue on "Court Interventions in Arbitration" organized by the Bangladesh International Arbitration Centre (BIAC) at the Dhaka Chamber of Commerce and industries Conference Room in Motijheel, on Saturday, 9th July 2011.

The Law Minister further stated that the Arbitration Act of 2001 and amendment of the Civil Procedure Code was made to facilitate ADR, particularly Arbitration. However, he noted that the implementation left much to be desired. He is considering setting time limits for each stage of the proceedings, training in arbitration and mediation particularly in the Judicial Training Institute. Settlement of disputes must be on the basis of an understanding between the parties, and such understandings must not be overturned by courts.

Former Chief Justices Latifur Rahman, Syed J.R. Mudassir Husain, Tafazzal Islam also participated and made observations on the ADR process and role of the courts. Among other Barristers Rafiqul Haque, Dr. Zahir, Former Attorney General Hasan Arif, Former Justices Abdur Rashid and Awlad Ali, DCCI President Asif Ibrahim, Former President ASM Quasem, entrepreneur Rokia Rahman, MCCI Vice President Nihad Kabir, MD of NCC Bank Nurul Amin, made significant contributions on how the ADR process can be strengthened and made effective.

The Keynote Presentation was made by Barrister Ajmalul Hossain, QC who described the practice of courts, particularly in respect to international arbitration awards. He drew upon examples in Bangladesh, and abroad.

Chairman of the Governing Body of BIAC Mahbubur Rahman chaired the meeting and highlighted the role of the private sector in the development of the economy. The private sector needs options for speedy and effective resolution of business disputes, and arbitration provides the channel. He referred to the overburdened courts and stated even in New York State, there are more than 2 lac house foreclosure cases pending, and at the current rate of disposal, it will take 62 years to settle those cases. Clearly options for out-of-courts settlement, through arbitration, are vital.

Chief Executive Dr. Toufiq Ali welcomed the participants and explained what BIAC does.

The Institution for Alternative Dispute Resolution

বিয়াক প্রেস রিলিজ

জুলাই ০৯, ২০১১

আদালতের চাপ কমাতে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতিকে আরো কার্যকর করা প্রয়োজন

'আদালতের চাপ কমাতে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতিকে আরো কার্যকর করা প্রয়োজন'- মাননীয় আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ আজ ৯ই জুলাই, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-তে অনুষ্ঠিত বাংলাদেশ ইন্টারন্যাশনাল আর্বিট্রেশন সেন্টার (বিয়াক) আয়োজিত "সালিশে আদালতের ভূমিকা : সহায়তা নাকি অন্তরায়" শিরোনামের এক মত বিনিময় সভায় উল্লেখ করেন।

সভার প্রধান বক্তা হিসাবে আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ আরো উল্লেখ করেন, সালিশী আইনে বিরোধ নিষ্পত্তির প্রতিটি ধাপে আদালত সময়সীমা নির্ধারণ করলে তা উভয় পক্ষের জন্যই ফলপ্রসূ হবে। এছাড়াও তিনি বিকল্প বিরোধ নিষ্পত্তিতে সালিশের পাশাপাশি মিডিয়েশনের উপর গুরুত্বারোপ করেন এবং মিডিয়েশনের উপর প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয়তাও উল্লেখ করেন। তিনি আরো বলেন, ২০১০ সালের অর্থ ঋণ আদালত আইনে সালিশ পদ্ধতিকে ইতামধ্যে অত্যাবশ্যক করা হয়েছে।

সালিশের মাধ্যমে ব্যবসায়িক বিরোধ নিষ্পত্তি ক্ষেত্রে এবং সালিশি পরবর্তী রায়ের কার্যকরীকরণের ক্ষেত্রে আদালতের ভূমিকা সম্পর্কে বিস্তারিত আলোচনার জন্যই এই মত বিনিময় সভার আয়োজন করা হয়। সালিশী আইনকে আরো বাস্তবমূখী করার জন্য কি কি সংশোধন এবং পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তা আলোচনার জন্য দেশের প্রাক্তন প্রধান বিচারপতি, আইনজীবি, ব্যবসায়িক সংগঠন ও এনজিও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় সালিশের ক্ষেত্রে আদালত কিভাবে সহায়তা করতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এর বিভিন্ন সুবিধা ও অসুবিধাগুলো উক্ত সভার মূল প্রবন্ধের বক্তা জনাব আজমালুল হোসেন, কিউ. সি.তার উপস্থাপনায় তুলে ধরেন।

'বিয়াক'- এর চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান বলেন, "ব্যবসা বাণিজ্য ও বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে দ্রুত্তম সময়ে আদালতের বাইরে ব্যবসায়িক বিরোধ নিষ্পত্তির মাধ্যমে ক্রমাগত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা পালনের উদ্দেশ্যে এই প্রথমবারের মত সরকার অনুমোদিত একটি অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে আমরা 'বাংলাদেশ ইন্টারন্যাশনাল আর্বিট্রেশন সেন্টার' এর কার্যক্রম শুরু করেছি। দেশী-বিদেশী বিনিয়োগকারী তথা সরকারী-বেসরকারী পর্যায়ে ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত সব ধরনের বিরোধ নিরোসনের জন্য এই প্রতিষ্ঠান এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

ডঃ তৌফিক আলী প্রধান নির্বাহী, বিয়াক উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিয়াক সম্পর্কে সকলকে অবহিত করেন।